[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পৌছালে শাপলা পরিবহনের যাত্রী বাহী বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এতে করে সে গুরুতর আহত হন।

খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস সদস্যরা উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। তবে স্বাস্থ্য কমপ্লেক্সে আসার আগেই তাঁর মৃত্যু হয়েছে বলে জানতে পেরেছি। মশিয়ার রহমান দুই সন্তানের জনক।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক সুমন ঘোষ বলেন,ফায়ার সার্ভিস কর্মীরা স্বাস্থ্য কমপ্লেক্সে মৃত অবস্থায় নিয়ে আসেন। আমরা চিকিৎসা দেয়ার সময় হয়নি।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সাঈদ আল মামুন বলেন, ঘটনাটি ঘটেছে মহেশপুরের ভিতর। তারা বাসটি উদ্ধার করেছেন,কিনা জানিনা। তবে মৃত দেহের সুরতহাল করবো আমরা। ওই ঘটনায় মামলা হবে কিনা জানিনা।

কোটচাঁদপুর ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে বই বিক্রির অভিযোগ

সরকারি পুরাতন বই ভাংড়ীর দোকানে বিক্রির অভিযোগ উঠেছে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। এভাবে বই বিক্রি করতে পারেন না, বললেন উপজেলা শিক্ষা কর্মকর্তা অশোক কুমার। মঙ্গলবার (৪ জুন) সকালে ভাংড়ী দোকানির কাছে বইগুলো বিক্রি করেন তিনি।
সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, মঙ্গলবার সকালে ঝিনাইদহের চন্ডিপুর বাজারের আলিমের ভাংড়ির দোকানে সরকারি পুরাতন বই বিক্রি করা হয়েছে। এমন অভিযোগ উঠেছে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদের বিরুদ্ধে। তিনি এ বই বিক্রির কথা স্বীকার করে বলেন, বছর শেষে ছাত্র / ছাত্রীদের কাছ থেকে যে বই নেয়া হয়। সেই বইগুলো বিক্রি করা হয়েছে। এ ব্যাপারে পরে রেজুলেশন করে নিবেন বলে জানিয়েছেন তিনি।

তবে ওই বিদ্যালয়ের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মতিন বলেন,বই বিক্রির ঘটনাটি স্কুলে রেজুলেশন করা আছে। ঘটনাটি সাংবাদিকদের পেপারে ছাপিয়ে দিতে বলেন।
বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা অশোক কুমার বলেন,বিদ্যালয়ের কোন কিছু বিক্রি করতে হলে আমাদের অনুমতি নিতে হবে। এ ক্ষেত্রে আমাকে তারা কিছু জানাননি। আর এভাবে কতৃপক্ষ বই বিক্রি করতে পারেন না।
উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,এটা মাধ্যমিক বিদ্যালয়ের ঘটনা। আপনারা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলেন।ওনি বিস্তারিত বলতে পারবেন। আর আমি শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলছি বলে জানান।

কোটচাঁদপুরে দুই শ্রমিকের মৃ*ত্যু

পৃথক দুইটি ঘটনায় কোটচাঁদপুরে দুই জনের মৃত্যু হয়েছে। যার মধ্যে আতিয়ার রহমান(৪৫) মারা গেছেন গাছ চাপা পড়ে। আর মজনুর রহমান(৫৫) মারা গেছেন সিমেন্টের বস্ত্রা চাপা পড়ে। আজ শুক্রবার এ ঘটনা ঘটেছে।

জানা যায়, কোটচাঁদপুরের রথখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একটি ঠিকাদারি প্রতিষ্ঠানে টেন্ডারের গাছ কাটা কাজ করছিলেন,আতিয়ার রহমান সহ কয়েক জন শ্রমিক। তারা কয়েকদিন ধরে ওই বিদ্যালয়ের গাছ কাটার কাজ করছিলেন। আজ শুক্রবার তারা একটি মেহগনি গাছ কাটার সময় ঘটে এ ঘটনা।

বিষয়টি নিয়ে সহকর্মী রতন মন্ডল বলেন,কয়েকদিন যাবৎ এক ঠিকাদারের টেন্ডারে পাওয়া গাছ কাট ছিলাম, মেহগনি গাছটি কাটার শেষের দিকে কিছু বুঝে উঠার আগেই ভেঙ্গে তাঁর কোমরের উপর পড়ে। এ সময় উদ্ধার করে তাঁকে কোটচাঁদপুর হাসপাতালে নেয়া হয়।

চিকিৎসক তাকে দেখে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করেন। পরে তাকে স্বজনরা যশোর নিয়ে যাচ্ছিলেন। পথিমধ্যেই মারা যায় আতিয়ার রহমান। সে কোটচাঁদপুরের রামচন্দ্রপুর গ্রামের মৃত আব্দুল খালেক মন্ডলের ছেলে। পারিবারিক জীবনে তিনি ৫ ছেলে

মেয়ের জনক।

অন্যদিকে কোটচাঁদপুরের সাবদারপুরের কবর স্থান পাড়ার মজনুর রহমান মারা গেছেন সিমেন্টের বস্ত্রা চাপা পড়ে। তিনি ওই গ্রামের মৃত ইনসুর আলী বিশ্বাসের ছেলে।

বিষয়টি নিয়ে তাঁর সহকর্মী বলুহর গ্রামের আশাদুল ইসলাম বলেন,বহিরগাছি গ্রামের পুটকে মন্ডলেন বাড়িতে নির্মানধীন ভবনের কাজ করছিলেন। এ সময় মজনুর রহমান একটি সিমেন্টের বস্ত্রা মাথায় করে ছাদে উঠছিলেন। হঠাৎ করে সে পা সিলিপ করে নিচে পড়ে যান। এ সময় স্থানীয়দের সহায়তায় তাঁকে কোটচাঁদপুর হাসপাতালে নেয়া হয়। হাসপাতালের চিকিৎসক তাঁকে দেখে মৃত ঘোষণা করেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক আশরাফুল ইসলাম বলেন,দূর্ঘটনায় আহত হয়ে দুই জন কোটচাঁদপুর হাসপাতালে আসেন। এদের মধ্যে মজনুর রহমানকে আমরা মৃত অবস্থায় পেয়েছি। আর আতিয়ার রহমানকে আহত অবস্থায় পেয়েছিলাম। তাঁকে প্রাথমিক চিকিৎসা দিয়ে যশোর হাসপাতালে রেফার্ড করা হয়।
এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) শারমিন আক্তার বলেন, দুইটি ঘটনায় মৌখিক ভাবে জেনেছি। এখনও পর্যন্ত কোন পক্ষের কেউ কোন জিডি বা অভিযোগ করেনি।

কোটচাঁদপুরে নিয়োগ পরিক্ষার আগেই নিয়োগ বানিজ্যের অভিযোগ

নিয়োগ পরিক্ষার আগেই নিয়োগ বানিজ্যের অভিযোগ উঠেছে কোটচাঁদপুরের মফেজ উদ্দিন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিরুদ্ধে। প্রতিকার চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন করেছেন ভুক্তভোগী সৌরভ ইসলাম। পরিক্ষায় যে প্রথম হবে,তাকে চাকুরী দেয়া হবে বললেন সভাপতি।

[redacted]

[redacted]

কোটচাঁদপুরের গরসূতি গ্রামে সাধারণ কৃষকদের মানববন্ধন

কোটচাঁদপুরের গরসূতি গ্রামের সাধারণ কৃষকরা এক প্রতিবাদ সভা করেছেন। আজ বৃহস্পতিবার (২৩ মে) দুপুরে ওই গ্রামের চাষিরা এ সভা করেন।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, গেল ১৯ মে কোটচাঁদপুর গোরসূতি গ্রামের গুটি কয়েক কৃষকরা গভীর নলকুপের ম্যানেজারের অনিয়ম তুলে ধরে উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ের সামনে মানববন্ধন করেন।

এর প্রতিবাদে আজ বৃহস্পতিবার দুপুরে ওই গ্রামের মাঠে প্রতিবাদ সভা করেছেন সাধারন চাষিরা। যার মধ্যে উপস্থিত ছিলেন, সানোয়ার হোসেন, বারেক আলী, হোসেন আলী, সুজন মিয়া।

তারা বলেন, দীর্ঘ দিন ধরে সানোয়ার হোসেন গভীর নলকুপটি পরিচালনা করে আসছেন। এতে ইশ্বানিত হয়ে গ্রামের কিছু কৃষক তাদের স্বার্থ সিদ্ধির জন্য বিভিন্ন অনিয়ম তুলে ধরে মানববন্ধন করেন ১৯ মে। সানোয়ার কোন অনিয়ম করেননি এমন দাবি তাদের।

এ ব্যাপারে ম্যানেজার সানোয়ার হোসেন বলেন, আমি কোন দূনীতি অনিয়ম করিনা। এতে করে তারা সুবিধা পাচ্ছে না। তারা আমার কাছে সুবিধা চান। আমি না দেয়ায় গেল ১৯ মে তারা আমার বিরুদ্ধে মানববন্ধন কর্মসূচী পালন করেন।

তিনি বলেন, ওইদিন যারা মানব বন্ধনে অংশ গ্রহন করেছিলেন তারা কেউ আমার ডিপের চাষি না। তাদের কে কিছু সুযোগ সন্ধানি মানুষ ডেকে নিয়ে গিয়ে এ মানব বন্ধন করেছেন। এর প্রতিবাদে আজকের প্রতিবাদ সভা করা হয়।

তিনি আরো বলেন,আমি যদি কোন অনিয়মের সঙ্গে জড়িত থাকি,তাহলে আমার বিরুদ্ধে তদন্ত হক। তদন্ত আমি দোষী হলে, যে শাস্তি হয় আমি মাথা পেতে মেনে নিবো। আর যদি আমার কোন দোষ না পাওয়া যায়, তাহলে দোষীদের খুজে ব্যবস্থা নেয়ার দাবি জানান সানোয়ার হোসেন।

[redacted]

[redacted]

এ ব্যাপারে উপজেলা প্রকৌশলী সিদ্ধার্থ কুমার কুন্ডু বলেন, ঘটনাটি আমি শুনেছি। ওই বিষয়ে তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন, বিষয়টি উপজেলা প্রকৌশলী ও ঠিকাদারকে জানানো হয়েছে। উনারা ব্যবস্থা নিচ্ছেন। প্রাক্কলনে যে পুরুত্ব আছে,সেটা দিবেন মর্মে জানিয়েছেন ওনারা।

বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করেছেন এলাকাবাসী।

কোটচাঁদপুরের সাফদারপুর ইউনিয়ন পরিষদে বাজেট ঘোষণা

যোগাযোগ খাত কে গুরুত্ব দিয়ে ১ কোটি ৩৫ লাখ ৪ হাজার ৬ শ টাকার, উন্মক্ত বাজেট পেশ করলেন,চেয়ারম্যান আব্দুল মান্নান। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের সাফদারপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ে এ বাজেট ঘোষণা করেন তিনি।

জানা যায়, যোগাযোগ খাতকে গুরুত্ব দিয়ে ১ কোটি ৩৫ লাখ ৪ হাজার ৬ শ টাকার বাজেট ঘোষণা করেন সাফদারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মান্নান।

এ সময় উপস্থিত ছিলেন, সাফদারপুর ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য আবু সাঈদ, আব্দুল আলীম, জুলহক আলী, আক্তারুজ্জামান, ওসমান গনি, ফকির মোহাম্মদ, অমেদুল ইসলাম, আতিয়ার রহমান, মেহেদী হাসান।

সংরক্ষিত মহিলা ইউপি সদস্য ফাতেমা খাতুন, ফিরোজা বেগম,কহিনুর খাতুন। এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুরের সাবদারপুর পুলিশ ফাঁড়ির সহউপপরিদর্শক (এএসআই) জামিরুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক খালিদ হোসেন (টুটুল) ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম (মুক্তার), ইউনিয়ন সচিব নাসরিন খাতুন।

চেয়ারম্যান আব্দুল মান্নান বলেন,গেল বছর পেশকৃত বাজেট আমরা যথাযথ

ভাবে কাজ করতে পেরেছি। আশ করছি এবারের বাজেটও আমরা সম্মলিত ভাবে কাজ করতে পারবো। সব শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বাজেট সভা শেষ করেন।

কোটচাঁদপুর গাছ কেটে বিক্রি ও কম্পাউন্ডের জমি লিজ দেওয়ার অভিযোগ

গাছ কেটে বিক্রি ও কম্পাউন্ডের জমি লিজ দেওয়ার অভিযোগ উঠেছে মশিয়ার রহমানের বিরুদ্ধে। তিনি বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)কোটচাঁদপুর অফিসের কর্মকর্তা। তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন,(বিটিসিএল) ঝিনাইদহের প্রকৌশলী আবু জাহিদ।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)কোটচাঁদপুর অফিসে গেল তিন বছর হল কর্মরত রয়েছেন,মশিয়ার রহমান। তিনি ওই অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। তিনি এই কর্মস্থলে যোগদানের পর ওই কম্পাউন্ডের ভিতর থেকে এর আগে কাঠাল গাছ সহ বেশ কয়েকটি গাছ কেটে বিক্রি করে দেন। কম্পাউন্ডের জমি লিজ দিয়ে নিয়েছেন টাকা।

আজ বৃহস্পতিবার বিক্রি করেছেন একটি একাশিয়া গাছ। যার আনুমানিক দাম ৪ হাজার টাকা।

এ ব্যাপারে কোটচাঁদপুর অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মশিয়ার রহমান বলেন,বিটিসিএল গাছ বিক্রি করতে পারেন। আর এ ঘটনাটি স্যার জানেন। স্যারের অনুমতি নিয়ে গাছ কেটে বিক্রি করা হয়েছে। আর টাকা স্যারকে দেয়া হয়। তবে তিনি জমি লিজ দেয়া ও অন্যান্য গাছ কেটে বিক্রির কথা অস্বীকার করেছেন।

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড(বিটিসিএল) প্রকৌশলি আবু জাহিদ বলেন,গাছ কাটার সম্পর্কে আমি কিছু জানিনা।

আর টাকা নেওয়ার প্রশ্নই ওঠেনা না। তিনি বলেন,আমার বাড়ি এখানেই শৈলকূপায়। ঝিনাইদহের কল্পনা এমপি আছে,ওনাকে তো আপনারা চিনেন। আমরা ওই ফ্যামিলির ছেলে। আপনি মানুষের কাছে জিজ্ঞেস করে দেখবেন আমরা কি ধরনের।

আবু জাহিদ আরো বলেন,মশিয়ার রহমান সাহেব এটা কোন রকম করতে পারেন না। ওনি এটা করে চাকুরীর বিধি লংঘন করেছেন। আমি ঘটনা নিয়ে স্যারের সঙ্গে কথা বলবো। এরপর তদন্ত শেষে ওনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে।

উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,ঘটনাটি আমার জানা নাই। তবে খোঁজ নিয়ে দেখবেন বলে জানিয়েছেন তিনি।